## ০৫-০১-২০২৬ তারিখে অনুষ্ঠিত ফাইন্যান্স কমিটির
## ৫৮৬তম সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশ

প্রস্তাব নং ১০

০৭-১২-২০২৫ তারিখে অনুষ্ঠিত গবেষণা প্রকল্প নীতিমালা পর্যালোচনা কমিটির সুপারিশ বিবেচনা।

সিদ্ধান্ত নং-১০

০৭-১২-২০২৫ তারিখে অনুষ্ঠিত গবেষণা প্রকল্প নীতিমালা পর্যালোচনা কমিটির সুপারিশ অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

এই নীতিমালা সিন্ডিকেট সভার তারিখ থেকে কার্যকর হবে।

(পরিশিষ্ট-১০)

০৭.০১.২০২৫

রেজিস্ট্রার/এর পক্ষে
রাজশাহী বিশ্ববিদ্যালয়

Approved under Res. No. 2
of the 545 meeting of the
Syndicate held on 06-01-26

07-01-26

# রাজশাহী বিশ্ববিদ্যালয়
## গবেষণা প্রকল্প নীতিমালা-২০২৫

১। গবেষণা প্রকল্প প্রাপ্তির ক্ষেত্রে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। গবেষকের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত ও ইতোপূর্বে সম্পন্নকৃত গবেষণা প্রকল্পের শিরোনামসহ ব্যাপ্তিকাল এবং সাম্প্রতিককালে প্রকাশিত গবেষণা প্রবন্ধের তালিকা জমা দিতে হবে। নতুন প্রকল্প প্রাপ্তির ক্ষেত্রে পূর্বের সম্পন্নকৃত প্রকল্পের গবেষণাকর্ম মানসম্মত জার্নালে প্রকাশিত হলে সংশ্লিষ্ট গবেষক/গবেষকগণকে অগ্রাধিকার দেয়া হবে।

২। গবেষণা প্রকল্প প্রস্তাব বিভাগের একাডেমিক কমিটিতে জমা দিতে হবে। গবেষণা প্রকল্প(গুলো) সংশ্লিষ্ট বিভাগের একাডেমিক কমিটির এবং অনুষদের গবেষণা মূল্যায়ন কমিটির সুপারিশের পরে প্রাগ্রসর শিক্ষা সংসদ সভা হয়ে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটে অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

৩। একটি একক গবেষণা প্রকল্পের জন্য সর্বোচ্চ টাকা ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ও যৌথ (দু'জন) প্রকল্পের জন্য সর্বোচ্চ টাকা ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা প্রদান করা হবে। বিশেষ প্রয়োজনে প্রকল্পে অর্থের পরিমাণ কমবেশি করা যেতে পারে।

৪। গবেষণা প্রকল্পের সময়কাল হবে ১২ মাস/১ বছর। তবে, অবশ্যই প্রকল্পের অর্থ ছাড়ের তারিখ থেকে পরবর্তী ২(দুই) বছরের মধ্যে প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে।

নির্ধারিত সময়ের মধ্যে গবেষণাকর্ম সমাপ্ত না হলে যথাযথ কারণ দেখিয়ে প্রকল্পের সময়কাল বৃদ্ধির আবেদন করতে হবে। তবে, সময়কাল বৃদ্ধি ৫(পাঁচ) বছরের বেশি হবে না। ৫ বছর পরে গবেষণাকর্ম অসমাপ্ত থেকে গেলে প্রদানকৃত অগ্রিম অর্থ একক প্রকল্পের প্রকল্প পরিচালকের বেতন-ভাতাদি থেকে ১০০% এবং যৌথ প্রকল্পের প্রকল্প পরিচালক ও সহকারী পরিচালকের বেতন-ভাতাদি হতে যথাক্রমে ৬০% ও ৪০% হারে অর্থ কর্তনপূর্বক সমন্বয়সাধন করা হবে।

৫। প্রকল্পের প্রয়োজনে গবেষণা সহকারী/গবেষণা ফেলো নিয়োগ করা যাবে। গবেষণা সহকারী/গবেষণা ফেলো হিসেবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৪র্থ বর্ষ বা তদুর্ধ্ব পর্যায়ের পূর্ণকালীন শিক্ষার্থীকে নিয়োগ দেয়া যেতে পারে। গবেষণা সহকারী/গবেষণা ফেলোর নিয়োগপত্রে তার মাসিক সম্মানী উল্লেখ থাকতে হবে। গবেষণা সহকারী/গবেষণা ফেলোকে অনধিক ৬(ছয়) মাসের জন্য মাসিক সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে সম্মানী প্রদান করা যাবে।

৬। গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন অনুমোদিত হলে একক প্রকল্পের কাজ পরিচালনার জন্য প্রকল্প পরিচালক সম্মানী হিসেবে এক মাসের মূল বেতনের সমপরিমাণ [যা ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বে নয়] অর্থ প্রাপ্য হবেন। যৌথ প্রকল্পের কাজ পরিচালনার জন্য সম্মানী হিসেবে প্রকল্প পরিচালক ৪০,০০০/-(চল্লিশ হাজার) টাকা এবং সহকারী পরিচালক ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা প্রাপ্য হবেন।

৭। গবেষণা প্রকল্পের জন্য অনুমোদিত বাজেট থেকে প্রকল্প পরিচালকের/সহকারী পরিচালকের সম্মানী ব্যতীত সমুদয় অর্থ এককালীন ছাড় করা হবে।

৮। এককভাবে পরিচালিত গবেষণার ক্ষেত্রে সর্বোচ্চ ২(দুই) জন এবং যৌথভাবে ৪(চার) জন উপাত্ত/তথ্য সংগ্রহকারী নিয়োগ করা যাবে। একজন উপাত্ত/তথ্য সংগ্রহকারীকে মাসিক সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে অনধিক ৬(ছয়) মাস পারিশ্রমিক প্রদান করা যাবে। তবে, কোনো অবস্থাতেই তা মূল বরাদ্দের এক তৃতীয়াংশের বেশি হবে না।

৯। প্রকল্পের কাজের জন্য বৈজ্ঞানিক যন্ত্রপাতি এবং রাসায়নিক দ্রব্যাদি ক্রয়ে অর্থ ব্যয় করা যাবে। ক্রয় এবং সরবরাহের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের RU Purchase Procurement Mannual-2012 এবং Govt. PPR-2018 অনুসরণ করতে হবে। ক্রয়কৃত যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি অবশ্যই বিভাগীয় স্টক রেজিস্টারে তালিকাভুক্ত করে সংশ্লিষ্ট বিভাগে/বিভাগীয় গবেষণাগারে সংরক্ষণ করতে হবে। গবেষকগণ ইস্যু করে তা ব্যবহার করতে পারবেন। প্রকল্প শেষে এসব যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি বিভাগীয় সম্পত্তি হিসেবে গণ্য হবে। প্রকল্পের ক্রয়কৃত বৈজ্ঞানিক যন্ত্রপাতি, রাসায়নিক দ্রব্যাদি ও অন্যান্য সামগ্রী প্রয়োজনে গবেষণার কাজে শিক্ষক-শিক্ষার্থীদের ব্যবহারের সুযোগ থাকবে।

১০। গবেষণাকর্মে প্রয়োজনবোধে প্রকল্প পরিচালক বছরে অনূর্ধ্ব ২(দুই) মাস ফিল্ড স্টাডি অথবা বহিরাঙ্গণ পর্যবেক্ষণের জন্য ভ্রমণ খাতে অর্থ ব্যয় করতে পারবেন। তবে, ভ্রমণসূচির জন্য কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন আবশ্যক। বিশ্ববিদ্যালয়ের অবকাশে সাধারণত গবেষণা ভ্রমণ বাঞ্ছনীয়। তবে বিশ্ববিদ্যালয়ে ক্লাশ চলাকালীন বিশেষ পরিস্থিতিতে কোনো গবেষণা ভ্রমণ অপরিহার্য হলে কর্তৃপক্ষের পূর্বঅনুমোদন থাকতে হবে।

১১। গবেষণা ভ্রমণে গবেষক (প্রকল্প পরিচালক/গবেষণা সহকারী/ফেলো) বিশ্ববিদ্যালয়ের বিধি অনুসারে যাতায়াত ও দৈনিক ভাতা পাবেন। গবেষণা কাজে বিমানে ভ্রমণ করা যাবে না। অগ্রিম সমন্বয়কালে প্রকল্প পরিচালক ভ্রমণকারী সম্পর্কে প্রত্যয়ন প্রদান করবেন।

১২। গবেষক গবেষণাকর্মে কাগজপত্র মুদ্রণ ও আনুষঙ্গিক সরঞ্জামাদির জন্য একক প্রকল্পের ক্ষেত্রে সর্বাধিক ১৬,০০০/-(ষোল হাজার) টাকা এবং যৌথ প্রকল্পের ক্ষেত্রে সর্বাধিক ২০,০০০/- (বিশ হাজার) টাকা ব্যয় করতে পারবেন। গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন মূল্যায়ন সংক্রান্ত কার্যক্রমের খরচ বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা সংশ্লিষ্ট ডীন বরাবর প্রদান করতে হবে।

১৩। ~~বাংলাদেশের অভ্যন্তরে সমস্যাভিত্তিক গবেষণা প্রকল্প গ্রহণ করতে হবে।~~ গবেষণাকর্মের জন্য দেশের বাইরে যাওয়া একান্ত অপরিহার্য হলে প্রয়োজনীয়তা ও গুরুত্ব বিবেচনায় সংশ্লিষ্ট অনুষদ মূল্যায়ন কমিটির সুপারিশসহ প্রাগ্রসর শিক্ষা সংসদে অনুমোদনের জন্য পেশ করতে হবে।

১৪। নিম্নলিখিত শর্তে এককালীন অগ্রিম অর্থ প্রদানের প্রস্তাব বিবেচনাযোগ্য:

(ক) চাহিদাকৃত খাতওয়ারী সম্ভাব্য ব্যয় বিবরণী;

(খ) এই সময়ে গবেষণাকর্মের জন্য ভ্রমণ বিবরণ;

(গ) ক ও খ- এর উপর সংশ্লিষ্ট বিভাগীয় একাডেমিক ও অনুষদ গবেষণা মূল্যায়ন কমিটির সুপারিশ।

১৫। প্রদানকৃত অগ্রিমের অর্থ সমন্বয়সাধনের ক্ষেত্রে খরচের হিসাববিবরণী [সারাংশসহ মূল বিল-ভাউচার ও আলাদাভাবে তার ফটোকপি (এক প্রস্ত)] এবং প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন বিভাগের একাডেমিক কমিটির সুপারিশসহ সংশ্লিষ্ট অনুষদ গবেষণা মূল্যায়ন কমিটির কাছে পেশ করতে হবে।

১৬। প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন জমা দেওয়ার পূর্বে প্রকল্প পরিচালককে গবেষণার ফলাফলের উপর ভিত্তি করে অবশ্যই একটি সেমিনার দিতে হবে। সংশ্লিষ্ট অনুষদ এই সেমিনার আয়োজন করবে।

শাখা সিনেট ... রাজশাহী বিশ্ববিদ্যালয়

১৭। (ক) এই বিশ্ববিদ্যালয় বা অন্য কোনো বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে ইতোপূর্বে সম্পন্ন হয়েছে এমন কোনো গবেষণা প্রকল্প প্রস্তাব জমা দেয়া যাবে না;

(খ) নির্ধারিত আবেদনপত্রে উল্লেখিত বিশ্ববিদ্যালয় গবেষণাকর্ম ছাড়া গবেষক অন্য কোনো গবেষণাকর্মে যুক্ত থাকলে সেই গবেষণাকর্মের তথ্য প্রদান করতে হবে।

(গ) পূর্বের এবং চলতি অর্থবছর মিলে একজন গবেষকের অনুকূলে ২টির বেশি গবেষণা প্রকল্প প্রদান করা যাবে না। বিশেষ ক্ষেত্রে পূর্বের প্রকল্পের সমন্বয়সাধনের পূর্বে নতুন প্রকল্প প্রদান করতে চাইলে তা সংশ্লিষ্ট অনুষদ গবেষণা মূল্যায়ন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(ঘ) প্রস্তাবিত প্রকল্প ইতোপূর্বে কোথাও জমা দেয়া হয়নি বিষয়ে প্রত্যয়ন পত্র দিতে হবে।

১৮। প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন জমা দেয়ার পদ্ধতি:

(ক) ৭(সাত) কপি বাঁধাইকৃত গবেষণা প্রতিবেদন/Final Report (বিল ভাউচার সংযোজন ব্যতীত) জমা দিতে হবে যা সংশ্লিষ্ট অনুষদ, সংশ্লিষ্ট বিভাগীয় সেমিনার গ্রন্থাগার, কেন্দ্রীয় গ্রন্থাগার (প্রকল্পের সফ্ট কপিসহ), সংশ্লিষ্ট ইনস্টিটিউট গ্রন্থাগার, রাজশাহী বিশ্ববিদ্যালয় আর্কাইভস ও ব্যক্তিগত নথিতে সংরক্ষিত থাকবে;

(খ) প্রদানকৃত এককালীন অগ্রিম অর্থের সারাংশসহ মূল বিল-ভাউচার ও আলাদাভাবে তার ফটোকপি (এক প্রস্ত) এবং প্রকল্প পরিচালক/সহকারী পরিচালক সম্মানী প্রাপ্তির জন্য মূল বিল ভাউচার জমা প্রদান করবেন।

(গ) প্লেজারিজম রিপোর্ট (হার্ড কপি) এবং চূড়ান্ত প্রতিবেদনের সফ্ট কপি ই-মেইলে (ruacademic@ru.ac.bd) পাঠাতে হবে। প্লেজারিজমের সর্বোচ্চ মাত্রা হবে সর্বোচ্চ ৩০%;

১৯। প্রকল্প পরিচালকের/সহকারী পরিচালকের অনুকূলে সম্মানীর অর্থ প্রদানপূর্বক একক/যৌথ গবেষণা প্রকল্পের জন্য অনুমোদিত সমুদয় অর্থ সমন্বয়সাধনের বিষয়টি হিসাব পরিচালক নিশ্চিত করবেন এবং সমুদয় অর্থ সমন্বয় করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট দপ্তর, ডীন ও প্রকল্প পরিচালককে/সহকারী পরিচালককে পত্র দ্বারা জানাবেন।

২০। গবেষকের নামসহ চূড়ান্ত প্রতিবেদনের শিরোনাম রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বার্ষিক রিপোর্টে অন্তর্ভূক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ ব্যবস্থা গ্রহণ করবে।

২১। (ক) রাজশাহী বিশ্ববিদালয় ব্যতীত দেশের অভ্যন্তরে/বিদেশে উচ্চ শিক্ষার্থে/ডেপুটেশনে/লিয়েনে/স্যাবাটিক্যাল ছুটিতে গমনের ক্ষেত্রে একক প্রকল্পের প্রকল্প পরিচালক গ্রহণকৃত অগ্রিমের সমুদয় অর্থ ফেরত প্রদান করে অথবা চূড়ান্ত প্রতিবেদন জমা দিয়ে ছাড়পত্র নিতে পারবেন।

(খ) যৌথ প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প পরিচালককে/সহকারী প্রকল্প পরিচালককে পরিবর্তন করা যাবে। এক্ষেত্রে প্রকল্প পরিচালক উপরের ক-এ বর্ণিত বিষয়ে গমন করলে সহকারী প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে, তিনি দায়িত্ব নিতে অপারগতা প্রকাশ করলে বিভাগীয় একাডেমিক কমিটির মাধ্যমে নতুন প্রকল্প পরিচালক নিয়োগ দেবেন।

(গ) সহকারী প্রকল্প পরিচালক উপরের ক-এ বর্ণিত বিষয়ে গমন করলে তাঁর স্থলে প্রকল্প পরিচালক বিভাগীয় একাডেমিক কমিটির মাধ্যমে একজন নতুন সহকারী প্রকল্প পরিচালক নিয়োগ দিতে পারবেন।

(ঘ) পরিবর্তিত প্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচালক প্রকল্পের যাবতীয় আর্থিক দায়-দায়িত্ব বহন করতে বাধ্য থাকবেন।

(ঙ) প্রকল্প পরিচালকদ্বয়ের উভয়েই উপরের ক-এ বর্ণিত বিষয়ে গমন করলে গ্রহণকৃত অগ্রিমের সমুদয় অর্থ ফেরত প্রদান করে অথবা চূড়ান্ত প্রতিবেদন জমা দিয়ে ছাড়পত্র নিতে পারবেন।

২২। প্রাপ্ত গবেষণা প্রকল্প থেকে প্রবন্ধ প্রকাশের ক্ষেত্রে, 'গবেষণা প্রকল্পটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে পরিচালিত' এটি একনলেজ করতে হবে।

২৩। গবেষণা প্রকল্পে চূড়ান্ত প্রতিবেদন পরবর্তীতে গ্রন্থাকারে প্রকাশ করতে চাইলে বিশ্ববিদ্যালয়ের অনুমতিক্রমে নিজস্ব অর্থায়নে প্রকাশ করতে হবে। তবে, প্রকাশিত গ্রন্থের শিরোনাম পৃষ্ঠায় 'গবেষণা প্রকল্পটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে পরিচালিত' এটি লিপিবদ্ধ করতে হবে।

২৪। সংশ্লিষ্ট বিভাগের একাডেমিক কমিটি, অনুষদ গবেষণা মূল্যায়ন কমিটি ও প্রাগ্রসর শিক্ষা সংসদ-এর মাধ্যমে প্রস্তাবিত গবেষণা প্রকল্পের শিরোনাম পরিবর্তন/পরিমার্জন/সংযোজন/বিয়োজন করা যাবে।

উল্লেখ্য, গবেষণা প্রকল্প নীতিমালা-২০২৫ এর প্রতিটি ধারা/উপধারাসমূহ সিন্ডিকেটের তারিখ থেকে কার্যকর হবে।

07.12.2025      07.12.2025

(প্রফেসর ড. ইফতিখারুল আলম মাসউদ)
সদস্য-সচিব
গবেষণা প্রকল্প নীতিমালা পর্যালোচনা কমিটি
ও
রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়

(প্রফেসর ড. মোহা. ফরিদ উদ্দীন খান)
আহ্বায়ক
গবেষণা প্রকল্প নীতিমালা পর্যালোচনা কমিটি
ও
উপ-উপাচার্য (একাডেমিক)
রাজশাহী বিশ্ববিদ্যালয়

(প্রফেসর ড. মোহাম্মদ বেলাল হোসেন)
সদস্য, সংশ্লিষ্ট কমিটি
ও
ডীন, কলা অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

(প্রফেসর ড. মো. আরিফুর রহমান)
সদস্য, সংশ্লিষ্ট কমিটি
ও
ডীন, কৃষি অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

পরিষদ শাখা সিন্ডিকেট অনুমোদিত
রাজশাহী বিশ্ববিদ্যালয়

(প্রফেসর ড. মোহাম্মদ আলী)
সদস্য, সংশ্লিষ্ট কমিটি
ও
ডীন, চারুকলা অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়

(প্রফেসর ড. মো. গোলাম মোর্ত্তুজা)
সদস্য, সংশ্লিষ্ট কমিটি
ও
ডীন, জীববিজ্ঞান অনুষদ
রাজশাহী বিশ্ববিদ্যালয়